149

তারিখ ... 9 AUG 1990 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2 ...

দৈনিক বাংলা

৩০

# ক্যাম্পাসে বাইরে থেকে সন্ত্রাস আমদানী করা হয়ঃ ভিসি

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিঞা বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বাইরে থেকে সন্ত্রাস আমদানী করা হয়। বিশ্ববিদ্যালয়ের কোন ছাত্র শিক্ষক ক্যাম্পাসের সন্ত্রাসের সঙ্গে জড়িত নয়। তিনি সন্ত্রাসের বিরুদ্ধে সোচ্চার হয়ে এগিয়ে আসার

(৪-এর পৃঃ দ্রঃ)

## ক্যাম্পাসে বাইরে থেকে

(প্রথম পৃঃ পর)

জন্য ছাত্র-শিক্ষক অভিভাবকসহ সকল মহলের প্রতি আহবান জানান।

প্রফেসর মনিরুজ্জামান মিঞা গতকাল বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের নবীনবরণ ও বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

প্রফেসর মনিরুজ্জামান মিঞা যে কোন মুল্যে বিশ্ববিদ্যালয় খোলা রাখার দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করে বলেন, বিশ্ববিদ্যালয় জেলখানা নয়, সুতরাং এর দরজা বন্ধ থাকবে না। খোলা রাখতে হবে।

ভাইস চ্যান্সেলর বলেন, ছাত্র সংগঠনগুলি যদি ক্যাম্পাসে শান্তি বজায় রাখতে ব্যর্থ হয় তবে তা হবে অত্যন্ত দুঃখজনক। তিনি বলেন, ক্যাম্পাসে শান্তি বজায় রাখার ক্ষেত্রে ছাত্রদের ভূমিকাই সবচেয়ে বেশী গুরুত্বপূর্ণ।

গণযোগাযোগ ফোরাম আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি ডঃ গোলাম রহমান এবং বক্তৃতা করেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান তৌহিদুল আনোয়ার, ফোরামের সাধারণ সম্পাদক শফিকুর রহমান প্রমুখ।